

# কৃষি আবহাওয়া বার্তা

রাজ্য: পশ্চিমবঙ্গ

তারিখ: ০২-০৬-২০২২

গত ৩ দিনের ০৮৩০ ভারতীয় সময় পর্যবেক্ষণের ভিত্তিতে আবহাওয়ার বিবরণ (৩০-০৫-২০২২ থেকে ০১-০৬-২০২২ সকাল ০৮৩০ ভারতীয় সময়ের পর্যবেক্ষণ পর্যন্ত)।

## উক্ত সময়ের মধ্যে

### ৩০ শে মে:

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং জেলার দুয়েক জায়গায় ভারী ধরণের বৃষ্টিপাত হয়েছিল। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের অনেক জায়গায় ও গাঙ্গেয় পশ্চিমবঙ্গের দুয়েক জায়গায় হালকা থেকে মাঝারি ধরণের বৃষ্টিপাত হয়েছিল।

### উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমাণ (সেমি):

বাগডোগরা, গজলডোবা- ৬ ; বাগরাকোট, হাসিমাড়া, মূর্তি, নাগরাকোট, রায়গঞ্জ, সিংহীক, জামশেদপুর - ৩, জলপাইগুড়ি - ২ ; দার্জিলিং, নেওরা, আলিপুর, ক্যানিং- ১

### ৩১ শে মে:

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের উত্তর দিনাজপুর জেলার দুয়েক জায়গায় ভারী ধরণের বৃষ্টিপাত হয়েছিল। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের অনেক জায়গায় ও গাঙ্গেয় পশ্চিমবঙ্গের দুয়েক জায়গায় অতি হালকা থেকে মাঝারি ধরণের বৃষ্টিপাত হয়েছিল। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক ছিল।

### উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমাণ (সেমি):

রায়গঞ্জ- ৮ ; কালিম্পাও, হাসিমাড়া- ২ ; কোচবিহার, কালিম্পাও, বক্রাদুয়ার, কুমারগ্রাম-১

### ০১ লা জুন:

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং জেলার কয়েক জায়গায় ভারী ধরণের বৃষ্টিপাত হয়েছিল। পশ্চিমবঙ্গের দার্জিলিং, কালিম্পাও, জলপাইগুড়ি, আলিপুরদুয়ার বাঁকুড়া, বীরভূম ও পশ্চিম বর্ধমান জেলার কয়েক জায়গায় অতি হালকা থেকে মাঝারি ধরণের বৃষ্টিপাত হয়েছিল। পশ্চিমবঙ্গের দক্ষিণ ২৪ পরগনা, পশ্চিম মেদিনীপুর জেলার কয়েক

জায়গায় এবং কোচবিহার, পূর্ব মেদিনীপুর, হাওড়া, কলকাতা, নদীয়া, মুর্শিদাবাদ, ঝাড়গ্রাম ও উত্তর ২৪ পরগনা জেলার দুয়েক জায়গায় অতি হালকা থেকে হালকা ধরণের বৃষ্টিপাত হয়েছিল। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক ছিল।

### উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমাণ (সেমি) :

বাগডোগরা -৭; ফালাকাটা-৫; গজলডোবা-৪; বসিরহাট, লুচিপুর, মূর্তি-৩ ; বাঁকুড়া , হাসিমারা , বক্সাদুয়ার-২ , ডায়মন্ড হারবার, খড়্গপুর, শ্রীনিকেতন, কাকদ্বীপ, কল্যাণী ,উলুবেড়িয়া, সিংহীক- ১

আপেক্ষিক আর্দ্রতা (শতাংশে) : উক্ত সময়ের মধ্যে পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলোতে ইহা ছিল ৭১ থেকে ৮৯ শতাংশ এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলোতে ইহা ছিল ৬৮ থেকে ৯৩ শতাংশ।

সর্বোচ্চ তাপমাত্রা : উক্ত সময়ের মধ্যে রাজ্যের সমতলাংশে সর্বোচ্চ তাপমাত্রা ৩১শে মে পুরুলিয়ায় ৪০.৩ ডিগ্রি সেলসিয়াস ছিল।

পরবর্তী ৩ দিন (০৩-০৬-২০২২ থেকে ০৫-০৬-২০২২ অবধি ) ভারতীয় সময় ০৮৩০ পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাস :

### দিন ১ -

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, কালিম্পাঙ, আলিপুরদুয়ার, জলপাইগুড়ি, কোচবিহার জেলাগুলির অধিকাংশ জায়গায় এবং বাকি জেলাগুলির অনেক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের খুবই সম্ভবনা আছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা, কলকাতা, হাওড়া, হুগলী, পূর্ব বর্ধমান , নদীয়া, মুর্শিদাবাদ, বীরভূম জেলাগুলির কয়েক জায়গায় এবং বাকি জেলাগুলির দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভবনা আছে। পশ্চিমবঙ্গের আগামী ৩ দিন রাজ্যের সমতলাংশে দিনের তাপমাত্রার কোনো উল্লেখযোগ্য পরিবর্তন হবেনা।

## দিন ২-

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, কালিম্পাঙ, আলিপুরদুয়ার, জলপাইগুড়ি, কোচবিহার জেলাগুলির অধিকাংশ জায়গায় এবং বাকি জেলাগুলির অনেক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের খুবই সম্ভবনা আছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের উত্তর ২৪ পরগনা, নদীয়া, মুর্শিদাবাদ, বীরভূম জেলাগুলির কয়েক জায়গায় এবং বাকি জেলাগুলির দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভবনা আছে।

## দিন ৩ -

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, কালিম্পাঙ, আলিপুরদুয়ার, জলপাইগুড়ি, কোচবিহার জেলাগুলির অধিকাংশ জায়গায় এবং বাকি জেলাগুলির অনেক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের খুবই সম্ভবনা আছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের নদীয়া, মুর্শিদাবাদ, বীরভূম জেলাগুলির কয়েক জায়গায় এবং বাকি জেলাগুলির দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভবনা আছে।

## সতর্কীকরণ:

### দিন ১ -

পশ্চিমবঙ্গের আলিপুরদুয়ার, কোচবিহার জেলাগুলির দুয়েক জায়গায় ভারী ধরণের (৭-১১ সেমি) বৃষ্টিপাতের সম্ভবনা আছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলির দুয়েক জায়গায় ঘন্টায় ৩০-৪০ কিমি বেগে ঝোড়ো হাওয়া সহ বৃষ্টিপাতের সম্ভবনা আছে। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলির দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভবনা আছে।

### দিন ২-

পশ্চিমবঙ্গের আলিপুরদুয়ার জেলার দুয়েক জায়গায় ভারী থেকে অতি ভারী ধরণের (৭-২০ সেমি) বৃষ্টিপাতের সম্ভবনা আছে। পশ্চিমবঙ্গের জলপাইগুড়ি, কোচবিহার জেলাগুলির দুয়েক জায়গায় ভারী ধরণের (৭-১১ সেমি) বৃষ্টিপাতের সম্ভবনা আছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলির দুয়েক জায়গায় ঘন্টায় ৩০-৪০ কিমি বেগে ঝোড়ো হাওয়া সহ বৃষ্টিপাতের সম্ভবনা আছে। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলির দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভবনা আছে।

## দিন ৩ -

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলির দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভবনা আছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলির দুয়েক জায়গায় ঘন্টায় ৩০-৪০ কিমি বেগে ঝোড়ো হাওয়া সহ বৃষ্টিপাতের সম্ভবনা আছে। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলির দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভবনা আছে।

পরবর্তী ২ দিনের অনুমান : সামান্য পরিবর্তন হবে।

স্বাক্ষরিত  
১৫/০৬/২২

পক্ষে

আঞ্চলিক আবহাওয়া কেন্দ্র, আলিপুর

০২-০৬-২০২২